



সেনাবাহিনী মামুনকে আটক করেছে



যুগান্তর-র রিপোর্ট

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার পুত্র তারেক রহমানের ঘনিষ্ঠ বন্ধু ও তার সব ব্যবসার প্রধান অংশীদার বহুল আলোচিত গিয়াসউদ্দিন আল মামুনকে সেনাসদস্যরা আটক করেছে। বৃহস্পতিবার রাত ৩টায় নিউ ডিওএইচএসের বাসভবন থেকে সেনাসদস্যরা মামুনকে আটক করে। সংশ্লিষ্ট সূত্র জানায়, শুক্রবার রাত ১০টা পর্যন্ত- মামুনকে পুলিশে হস্ত-ান্ত-র করা হয়নি। সেনাবাহিনীর তত্ত্বাবধানে তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। জোট সরকারের আমলে মামুনের বিশাল বিত্তবৈভব করায়ত্তের পেছনে ছিল বন্ধু তারেক রহমান ও তার বিশাল প্রভাব। অনেকে বলেন, হাওয়া ভবনের রহস্যপূর্ণ মামুন দুর্নীতির বরপুত্র। জরুরি অবস্থা ঘোষণার পরপরই সেনাবাহিনী প্রথম সুযোগেই তাকে আটক করে। তার আটকের খবরে দুর্নীতিবাজ রাজনীতিক ও ব্যবসায়ীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়েছে।

গিয়াসউদ্দিন আল মামুন তারেক রহমানের বন্ধুত্বের সুবাদে অচেল সম্পদের মালিক বনে যান। জোট সরকারের আমলে তার বিত্তবৈভব ও প্রতিপত্তি কল্পকথাকেও হার মানিয়েছে। মামুন কি করে কোটি কোটি টাকার সম্পদের মালিক হয়েছে, গোয়েন্দাদের মাঝে দীর্ঘদিন ধরে বিষয়টি ঘুরপাক খাচ্ছিল। গতকাল সারাদিন মামুনকে গ্রেফতারের গুজব ছিল। বিশেষ-সূত্র রাত ৯টায় মামুনের আটকের বিষয়টি নিশ্চিত করে। সূত্র জানায়, মামুনকে সেনানিবাসে দফায় দফায় জিজ্ঞাসাবাদ চলছে।

জোট সরকারের দুর্নীতির বড় স্ত-স্ত হিসেবেই গিয়াসউদ্দিন আল মামুনের পরিচয়। নানা ব্যবসা-বাণিজ্যের সঙ্গে চ্যানেল ওয়ান নামে একটি স্যাটেলাইট টেলিভিশন প্রতিষ্ঠা করেন তিনি। কোটি কোটি টাকা ব্যয়ে নানা ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুললেও এর হিসাব চাওয়া তো দূরের কথা, কেউ টু শব্দটিও করতে সাহস পায়নি। অনেকের ধারণা, তারেক রহমানের শত শত কোটি টাকা মামুনেরই হেফাজতে।

মামুনকে গ্রেফতারের জন্য সেনাবাহিনী চ্যানেল ওয়ান কার্যালয়ে তলাশি চালায়। সেখানে না পেয়ে গোয়েন্দারা গভীর রাতে ডিওএইচএসের বাড়ি থেকে তাকে আটক করে।

জোট সরকারের আমলে বিদ্যুৎ খাতের একচ্ছত্র অধিপতি হয়ে উঠেছিলেন তিনি। বিদ্যুতের কনক্রিটের খুঁটির ব্যবসা, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ ও মেরামতে ঠিকাদারদের কাছ থেকে কমিশন আদায়, ওভারহোলিংয়ের নামে চুরি ইত্যাদির মাধ্যমে গত পাঁচ বছরে তিনি নিজেই কামিয়ে নিয়েছেন প্রচুর টাকা। শুধু খুঁটির ব্যবসা থেকেই তিনি কামিয়েছেন ১ হাজার কোটি টাকা। এ সময়ে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং পলী বিদ্যুতায়ন বোর্ড যেসব খুঁটি কিনেছে তার প্রায় সবই সরবরাহ করেছে হয় গিয়াসউদ্দিন আল মামুন, না হয় তার সিডিকেটের অন্য সদস্যরা।

This page has been printed from the web site of Jugantor Daily News paper
(www.jugantor.com).

URL: <http://www.jugantor.com/online/news.php?id=42619&sys=3>

Developed by: Colors of Bangladesh (www.colorsofbangladesh.com/enews)